

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ



সংবাদকক্ষ : ০২-৯৯৬৬৬১৩৭০ E-mail- pidmymensingh@gmail.com, Facebook: Pid Mymensingh

সংবাদ গতিধারা

স্থানীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-১৩২/২০২২-২০২৩
ময়মনসিংহ, ০৭ মে, রবিবার ২০২৩, ২৪ বৈশাখ ১৪৩০

আজকের স্থানীয় দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে:

- ০১। শেখ হাসিনাকে অনেক বড় অনুপ্রেরণা বললেন ব্রিটিশ প্রধানমন্ত্রী
- ০২। মানসম্পন্ন বই প্রকাশে এগিয়ে আসার আহ্বান জানিয়েছেন সংস্কৃতি প্রতিমন্ত্রী
- ০৩। শেখ হাসিনা সারাবিশ্বে উন্নয়নের রোল মডেল- সংসদ সদস্য, নেত্রকোনা
- ০৪। ময়মনসিংহে হযরত বুড়াপীর (রহ:) সাহেবের বার্ষিক ওরশ মোবারক উদযাপিত
- ০৫। ময়মনসিংহে বিশ্ব গণমাধ্যম দিবস উপলক্ষ্যে আলোচনা সভা অনুষ্ঠিত

০১। শেখ হাসিনাকে অনেক বড় অনুপ্রেরণা বললেন ব্রিটিশ প্রধানমন্ত্রী

বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অনেক বড় অনুপ্রেরণা বলে উল্লেখ করেছেন যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী ঋষি সুনাক। নিজের দুই মেয়ে ও স্ত্রী শেখ হাসিনার ভক্ত বলেও জানান তিনি। শুক্রবার (০৫ মে) লন্ডনের পলমলে কমনওয়েলথ সেক্রেটারিয়েটের মার্গবোরো হাউসে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠকে ঋষি সুনাক একথা বলেন। পরে যুক্তরাজ্যে নিযুক্ত বাংলাদেশের হাইকমিশনার সাইদা মুনা তাসনীম সাংবাদিকদের ব্রিফ করেন। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন, দৈনিক নিউ টাইমস, দৈনিক ঈষিকা, দৈনিক দেশের খবর, দৈনিক কিশাণের দেশ ও দৈনিক জাহান।

০২। মানসম্পন্ন বই প্রকাশে এগিয়ে আসার আহ্বান জানিয়েছেন সংস্কৃতি প্রতিমন্ত্রী

সংস্কৃতি প্রতিমন্ত্রী কে এম খালিদ মানসম্পন্ন বই প্রকাশে প্রকাশকদের এগিয়ে আসার আহ্বান জানিয়েছেন। শনিবার (০৬ মে) রাজধানীর বাংলা একাডেমির আবদুল করিম সাহিত্যবিশারদ মিলনায়তনে বাংলাদেশ পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতি রাজধানী শাখার ৪১তম বার্ষিক সাধারণ সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ আহ্বান জানান। এসময় প্রতিমন্ত্রী প্রকাশকদের সকল যৌক্তিক দাবি পূরণের আশ্বাস দিয়ে বলেন, শ্রেষ্ঠ প্রকাশকদের বাংলা একাডেমি পুরস্কার প্রদান, আন্তর্জাতিক বইমেলা আয়োজন, জেলা ও বিভাগীয় পর্যায়ে বইমেলা আয়োজন, বই কেনার বাজেট বৃদ্ধি ইত্যাদি বিষয়ে ব্যবস্থা নেয়া হবে। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন, দৈনিক নিউ টাইমস, দৈনিক ঈষিকা, দৈনিক দেশের খবর, দৈনিক কিশাণের দেশ ও দৈনিক জাহান।

০৩। শেখ হাসিনা সারাবিশ্বে উন্নয়নের রোল মডেল- সংসদ সদস্য, নেত্রকোনা

নেত্রকোনা-১, দুর্গাপুর-কমলাকান্দা আসনের জাতীয় সংসদ সদস্য মানু মজুমদার বলেছেন, বিশ্বমানবতার নেত্রী মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা সারাবিশ্বে উন্নয়নের রোল মডেল। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে ২০৪১ সালের মধ্যেই বাংলাদেশ হবে স্মার্ট বাংলাদেশ। এরই ধারাবাহিকতায় সীমান্তবর্তী দুর্গাপুর-কমলাকান্দা উপজেলার যাতায়াত ব্যবস্থার উন্নতি, শিক্ষা-স্বাস্থ্যসেবাসহ বিভিন্ন খাতের অভূতপূর্ব উন্নয়ন সাধিত হচ্ছে। শনিবার (০৬ মে) নেত্রকোনার দুর্গাপুর উপজেলা আওয়ামী লীগের উদ্যোগে উপজেলা আওয়ামী লীগ শাখার নবনির্মিত ভবন উদ্বোধন উপলক্ষ্যে আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন। সূত্র: দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস।

০৪। ময়মনসিংহে হযরত বুড়াপীর (রহ:) সাহেবের বার্ষিক ওরশ মোবারক উদযাপিত

০১, ০২ ও ০৩ মে (সোম, মঙ্গল ও বুধবার) ৩ দিনব্যাপী মহান আউলিয়া হযরত শাহ সৈয়দ বোরহান উদ্দিন (রহ:) ওরফে বুড়াপীর সাহেবের বার্ষিক ওরশ মোবারক ময়মনসিংহের ২নং কেবি ইসমাইল রোডস্থ দরগাহে অনুষ্ঠিত হয়েছে। উক্ত ওরশ শরীফের আহ্বায়ক ময়মনসিংহ জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোয়াজ্জেম হোসেন বাবুলের আহ্বানে ওরশ মোবারকে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ময়মনসিংহ জেলা প্রশাসক মো. মোস্তাফিজার রহমান। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ।

০৫। ময়মনসিংহে বিশ্ব গণমাধ্যম দিবস উপলক্ষ্যে আলোচনা সভা অনুষ্ঠিত

০৩ মে বিশ্ব গণমাধ্যম দিবস উপলক্ষ্যে শনিবার (০৬ মে) ময়মনসিংহ সাংবাদিক ইউনিয়ন (এমইউজে) এর উদ্যোগে ময়মনসিংহ প্রেসক্লাব মিলনায়তনে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন বিএফইউজে এর সাবেক সভাপতি মঞ্জুরুল আহসান বুলবুল। এমইউজের সভাপতি আতাউল করিম খোকন অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন, দৈনিক নিউ টাইমস, দৈনিক ঈষিকা, দৈনিক দেশের খবর, দৈনিক কিশাণের দেশ ও দৈনিক জাহান।

সম্পাদকীয়

- (ক) **দৈনিক স্বদেশ সংবাদ:** নারী ও শিশু পাচার একটি মারাত্মক অপরাধ। প্রতিবছর দেশ থেকে বিপুল সংখ্যক নারী পাচার হয়ে যাচ্ছে প্রতিবেশি দেশ ভারত ও মধ্যপ্রাচ্যের বিভিন্ন দেশে। দেশে এ সংক্রান্ত আইন থাকলেও এর প্রয়োগে ঘাটতি রয়েছে। তাই নারী পাচার বন্ধে জনসচেতনতা বৃদ্ধি এবং আইনশৃঙ্খলা বাহিনীকে আরও তৎপর হতে হবে।
- (খ) **দৈনিক স্বজন:** দেশের বিভিন্ন খাতে যে অর্থনৈতিক অগ্রগতি সাধিত হয়েছে তার মধ্যে অন্যতম কৃষি খাত। কৃষির সাফল্য সামগ্রিকভাবে বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নেও গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। তাই আসন্ন বাজেটে কৃষি খাতেই সর্বোচ্চ বরাদ্দ আসা উচিত।

প্রবন্ধ/নিবন্ধ

- ০১। যুব সমাজকে বাঁচাতে মাদক সম্মাটদের বিরুদ্ধে কঠোর অভিযান জরুরি- মো. হায়দার আলী (দৈনিক স্বজন)
- ০২। ব্যর্থতাই জীবনের সফলতা- রহমান মুখা (দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস)
- ০৩। উত্তরে মরুর হাওয়া- সাঈদ ইবরাহীম রিফাত (দৈনিক আজকের ময়মনসিংহ)

#

রিদওয়ান/রেজভী/সজিব/২০২৩/১০.৩০ ঘণ্টা।